দৈনিক ইত্তেফাক

তারিখ ... 30 OCT 1992 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৪ ...

### কর্মকর্তা ও শিক্ষকের অভাবে

# রাজশাহীর ১৬টি জেলায় শিক্ষা কার্যক্রম ব্যাহত

বগুড়া সংবাদদাতা ॥ প্রয়োজনীয় সংখ্যক শিক্ষা কর্মকর্তা ও শিক্ষকের অভাবে রাজশাহী বিভাগে ১৬টি জেলায় শিক্ষা কার্যক্রম দারুণভাবে বিঘ্নিত হইতেছে।

শিক্ষা বিভাগ সূত্রে জানা গিয়াছে, উত্তরাঞ্চলের ১৬টি জেলার মধ্যে ১৪টি জেলাতেই জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের পদ দীর্ঘদিন যাবত শূন্য রহিয়াছে। ৭টি জেলাতে থানা শিক্ষা অফিসার জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের দায়িত্বসহ এক সাথে তিনজন অফিসারের দায়িত্ব পালন করিতেছেন। ঐ ১৬টি জেলায় ৬টি সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ২৪টি থানা শিক্ষা অফিসার, ৭০টি সহকারী থানা শিক্ষা অফিসার এবং সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ১ হাজার ৬০৯টি শিক্ষকের পদ শূন্য রহিয়াছে। উত্তরাঞ্চলের ১৬টি পিটিআই-এর মধ্যে ১১টি পিটিআই-এ সুপারের পদ এবং ২৫টি প্রশিক্ষকের পদ শূন্য থাকায় শিক্ষাক্ষেত্রে দারুণ অসুবিধার সৃষ্টি হইয়াছে।